

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩২১

আগরতলা, ২৯ মার্চ, ২০২৪

গুড় ফ্রাইডেতে মরিয়মনগর চার্চে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু আজ গুড় ফ্রাইডে উপলক্ষে মরিয়মনগর চার্চ পরিদর্শন করেন। আজ দুপুরে রাজ্যপাল মরিয়মনগর চার্চে এসে পৌছালে তাঁকে স্বাগত জানান চার্চের ফাদার। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু গুড় ফ্রাইডে উপলক্ষে খ্রিষ্টান ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়ে বলেন, মানুষের কল্যাণে প্রভু যীশুর জীবনই হচ্ছে অন্যতম বাণী। গুড় ফ্রাইডেতে যীশু খ্রিষ্টের ক্রুশবিদ্বের দিনকে স্মরণ করা হয় এবং ইস্টারে যীশু খ্রিষ্টের পুনরুখানকে স্মরণ করে পালন করা হয়। এই দুটো দিনই মানব সভ্যতার ইতিহাসে খুবই গুরুত্বপূর্ণ দিন। রাজ্যপাল বলেন, মানব জাতির উদ্দেশ্যে যীশু খ্রিষ্টের বার্তা ছিল অসহায়কে দয়া কর ও শত্রুকে ক্ষমা কর। যীশু তাঁর জীবনের মাধ্যমে বার্তাগুলি দিয়ে গিয়েছিলেন। রাজ্যপালের মরিয়মনগর চার্চ পরিদর্শনের সময় রাজ্যপালের সচিব ইউ কে চাকমা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*